# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৪১৬

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس )

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - পাদুকা সম্পর্কীয় বর্ণনা

## আরবী

وَعَن القاسمِ بن محمَّدٍ عَنْ عَائِشَةَ قَالَتْ: رُبَّمَا مَشَى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي نَعْلٍ وَاحِدَةٍ وَفِي رِوَايَةٍ: أَنَّهَا مَشَتْ بِنَعْلٍ وَاحِدَةٍ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا أصح

## বাংলা

৪৪১৬-[১০] কাসিম ইবনু মুহাম্মাদ (রহিমাহুল্লাহ) ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণনা করেন। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কখনো কখনো একখানা জুতা পরিধান করে চলেছেন। অপর এক বর্ণনায় আছে, ’আয়িশাহ্ (রাঃ) নিজেই একখানা জুতা পরিহিতা অবস্থায় চলেছেন। (তিরমিযী)[1]ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ) বলেনঃ এ হাদীসটি (’আয়িশাহ্ (রাঃ) হতে মাওকূফ সূত্রে বর্ণিত) অধিক সহীহ।

## ফুটনোট

[1] মুনকার য‘ঈফ : তিরমিযী ১৭৭৭, সিলসিলাতুয্ য‘ঈফাহ্ ৩৪৮।

হাদীসটি মুনকার য‘ঈফ হওয়ার কারণ, এর সনদে আছে “লায়স” নামের রাবী”, যিনি য‘ঈফ। দেখুন- সিলসিলাতুয্ য‘ঈফাহ্ ৩৪৮।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কোন কোন সময় এক জুতা পরিধান করে চলা, এটা বিশেষ কোন প্রয়োজনে অথবা বৈধতা বুঝানোর জন্য মাত্র। কারণ এক জুতা পরিধান করে চলার প্রতি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিষেধাজ্ঞা হারাম বুঝানোর জন্য নয়। (তুহফাতুল আহ্ওয়াযী ৫ম খন্ড, হাঃ ১৭৭৮)

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ কাসিম বিন মুহাম্মাদ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75140

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন